ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি, ও বিআর্ক কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। পুরকৌশল, তড়িৎ ও কম্পিউটার কৌশল এবং যন্ত্রকৌশল অনুষদসমূহে ১৪ টি বিভাগে সর্বমোট ১২৩৫ (৫টি সংরক্ষিত আসনসহ) টি আসনে নিম্নবর্ণিত নিয়মানুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে।

**১। বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড থেকে ২০২১ খ্রি. অথবা ২০২২ খ্রি. এর মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ (চার) অথবা সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২৪ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজী এ চার বিষয়ের প্রত্যেকটিতে ন্যূনতম জিপি ৪.০০ (চার) সহ মোট ন্যূনতম জিপি ১৮.০০ (আঠারো) পেতে হবে।

ঘ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষায় পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে ন্যূনতম 'B' গ্রেড পেয়ে পাশ করতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, ও রসায়নে পৃথক পৃথকভাবে কমপক্ষে 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে। উল্লেখ্য, প্রার্থীকে ২০২৩ খ্রি. এর নভেম্বর বা তারপরে 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২৪ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে ৮০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে।

**২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচনঃ**

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজী-এ চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থী সংখ্যা বেশী হলে এ তালিকা থেকে প্রথম ২৪,০০০ (চব্বিশ হাজার) জন প্রার্থীকে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ২৪,০০০ (চব্বিশ হাজার)-তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থী সংখ্যা চূড়ান্ত করা হবে।

(খ) উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের সর্বোচ্চ তিন শিফটে বিভক্ত করে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষা নেয়া হবে। প্রতিটি শিফটে প্রার্থীদের উপস্থিতির আনুপাতিক হারে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচনী পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে।

(গ) নির্বাচনী (লিখিত) পরীক্ষাতে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://admission.ruet.ac.bd) প্রকাশ করা হবে।

**৩। ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ**

| | | |
|---|---|---|
| ক) | আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শুরু | ০৪ জানুয়ারী ২০২৫ সকাল ১০:০০ মি. |
| খ) | আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শেষ | ১৪ জানুয়ারী ২০২৫ রাত ১১:৫৯ মি. |
| গ) | আবেদন ফি জমা দেওয়ার শেষ সময় | ১৫ জানুয়ারী ২০২৫ বিকাল ০৫:০০ মি. |
| ঘ) | প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নামের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ | ২৪ জানুয়ারী ২০২৫ রাত ১১:৫৯ মি. |
| ঙ) | প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড শুরু | ২৫ জানুয়ারী ২০২৫ |
| চ) | প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষা | ০৮ ফেব্রুয়ারী ২০২৫ (পরীক্ষার শিফট ও সময় পরবর্তীতে RUET এর ওয়েবসাইটে https://admission.ruet.ac.bd প্রকাশ করা হবে) |
| ছ) | নির্বাচনী (লিখিত) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশের সম্ভাব্য তারিখ | ১৩ ফেব্রুয়ারী ২০২৫ |
| জ) | নির্বাচনী (লিখিত) পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড শুরু | ১৬ ফেব্রুয়ারী ২০২৫ |
| ঝ) | নির্বাচনী (লিখিত) পরীক্ষা | ২০ ফেব্রুয়ারী ২০২৫ সকাল ১০:০০ মি. |
| ঞ) | নির্বাচনী (লিখিত) পরীক্ষার ফলাফল প্রকাশ | ৮ মার্চ ২০২৫ |

**৪। অনুষদ ভিত্তিক বিভিন্ন বিভাগের নাম, কোড ও আসন বিভাজনঃ**

| | বিভাগ | কোড | আসন |
|---|---|---|---|
| | পুরকৌশল অনুষদ | | |
| ১ | সিভিল ইঞ্জিনিয়ারিং | CE | ১৮০ |
| ২. | আরবান এন্ড রিজিওনাল প্লানিং | URP | ৬০ |
| ৩ | আর্কিটেকচার | Arch | ৩০ |
| ৪ | বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট | BECM | ৩০ |
| | তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ | | |
| ১ | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | EEE | ১৮০ |
| ২ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | CSE | ১৮০ |
| ৩ | ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ETE | ৬০ |
| ৪ | ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং | ECE | ৬০ |
| | যন্ত্রকৌশল অনুষদ | | |
| ১ | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ME | ১৮০ |
| ২ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং | IPE | ৬০ |
| ৩ | গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং | GCE | ৬০ |
| ৪ | মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | MTE | ৬০ |
| ৫ | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ChE | ৩০ |
| ৬ | ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | MSE | ৬০ |
| | | মোট | ১২৩০ |
| | সংরক্ষিত আসন (বান্দরবান জেলার অধিবাসী ০১ টি, পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী ০৪ টি) | | ০৫ |
| | | সর্বমোট | ১২৩৫ |

উল্লেখ্য যে, আর্কিটেকচার বিভাগে ৫ বছর মেয়াদী এবং অন্যান্য সকল বিভাগে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী প্রদান করা হয়।

**৫। ভর্তি পরীক্ষার ফিঃ**

ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি পরীক্ষার ফি প্রদান করে Submit করতে হবে।

| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ ব্যতীত) |
|---|---|---|
| 'ক' | ইঞ্জিনিয়ারিং ও ইউআরপি | ১২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা |
| 'খ' | ইঞ্জিনিয়ারিং, ইউআরপি, ও আর্কিটেকচার | ১৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ) টাকা |

**৬। প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষা এবং নির্বাচনী (লিখিত) পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচীঃ**

| গ্রুপ | বিষয় | পাঠ্যসূচী |
|---|---|---|
| 'ক' ও 'খ' | গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ও ইংরেজী | ২০২৪ খ্রি. এর উচ্চ মাধ্যমিক বা সমমানের পাঠ্যসূচী |

**৭। প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষার বিষয়সমূহ, প্রশ্ন পত্রের ধরণ ও নম্বরের বিন্যাসঃ**

বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের বিভিন্ন বিভাগের জন্য 'ক' ও 'খ' গ্রুপের আওতায় এক দিনে সর্বোচ্চ তিন শিফটে প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রাক-নির্বাচনী (MCQ) পরীক্ষায় 'ক' ও 'খ' উভয় গ্রুপের জন্য সর্বমোট ১০০ নম্বরের MCQ পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫ শতাংশ নম্বর কর্তন হবে। পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নীচের ছকে দেয়া হলোঃ

| গ্রুপ | বিষয় | প্রশ্ন সংখ্যা | মোট নম্বর (বিষয় ভিত্তিক) | সর্বমোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| 'ক' ও 'খ' | গণিত | ৩০ | ৩০ | ১০০ | ০১ ঘন্টা |
| | পদার্থবিদ্যা | ৩০ | ৩০ | | |
| | রসায়ন | ৩০ | ৩০ | | |
| | ইংরেজী | ১০ | ১০ | | |

**৮। নির্বাচনী (লিখিত) পরীক্ষার বিষয়সমূহ, প্রশ্নপত্রের ধরণ ও নম্বরের বিন্যাসঃ**

নির্বাচনী (লিখিত) পরীক্ষায় 'ক' ও 'খ' উভয় গ্রুপের জন্য সর্বমোট ৩৫০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং 'খ' গ্রুপের ভর্তিচ্ছু প্রার্থীদেরকে অতিরিক্ত ১০০ নম্বরের মুক্তহস্ত অংকন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নীচের ছকে দেয়া হলোঃ

| গ্রুপ | বিষয় | প্রশ্ন সংখ্যা | মোট নম্বর (বিষয় ভিত্তিক) | সর্বমোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| 'ক' ও 'খ' | গণিত | ১০ | ১০০ | ৩৫০ | ০২ ঘন্টা ৩০ মিনিট |
| | পদার্থবিদ্যা | ১০ | ১০০ | | |
| | রসায়ন | ১০ | ১০০ | | |
| | ইংরেজী | ৫ | ৫০ | | |
| 'খ' | মুক্তহস্ত অংকন | ৪ | ১০০ | ১০০ | ০১ ঘন্টা |

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য সহায়তায় ০১৩২৬৭৩৪৩৮৮, ০১৩২৬৭৭০৪৭৯ নম্বরে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) যোগাযোগ করা যাবে অথবা প্রয়োজনে support.ugadmission@ruet.ac.bd-তে e-mail করা যাবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৫/১২/২৪

প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম
সভাপতি, স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ
ও
ডীন, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪

ভর্তি পরীক্ষার ওয়েবসাইটঃ https://admission.ruet.ac.bd